

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৬০

আরবি মূল আয়াত:

نَحنُ قَدَّرنَا بَينَكُمُ المَوتَ وَ مَا نَحنُ بِمَسبُوقِينَ ﴿ 6 ﴾

🗚 অনুবাদসমূহ:

আমি তোমাদের মধ্যে মৃত্যু নির্ধারণ করেছি এবং আমাকে অক্ষম করা যাবে না, — আল-বায়ান তোমাদের মধ্যে মৃত্যু আমিই নির্ধারণ করি, আর আমি কিছুমাত্র অক্ষম নই — তাইসিরুল আমি তোমাদের জন্য মৃত্যু নির্ধারিত করেছি এবং আমি অক্ষম নই — মুজিবুর রহমান

We have decreed death among you, and We are not to be outdone — ${\sf Sahih}$ International

৬০. আমরা তোমাদের মধ্যে মৃত্যু নির্ধারিত করেছি(১) এবং আমাদেরকে অক্ষম করা যাবে না—

(১) অর্থাৎ তোমাদেরকে সৃষ্টি করা যেমন আমার ইখতিয়ারে তেমনি তোমাদের মৃত্যুও আমার ইখতিয়ারে। [কুরতুবী] কে মাতৃগর্ভে মারা যাবে, কে ভূমিষ্ঠ হওয়া মাত্র মারা যাবে এবং কে কোন বয়সে উপনীত হয়ে মারা যাবে সে সিদ্ধান্ত আমিই নিয়ে থাকি। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৬০) আমি তোমাদের জন্য মৃত্যু নির্ধারিত করেছি[1] এবং আমি অক্ষম নই--[2]

- [1] অর্থাৎ, প্রত্যেক ব্যক্তির মৃত্যুকাল আমি নির্ধারিত করে দিয়েছি। তা কেউ অতিক্রম করতে পারবে না। সুতরাং কেউ শৈশবে, কেউ যৌবনে এবং কেউ বার্ধক্যে মৃত্যুবরণ করে।
- [2] অর্থাৎ, আমি অপারগ ও ব্যর্থ নই, বরং আমি সক্ষম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5039

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন